অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/26/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেট ব্যাপী অতিরিক্ত সহায়তামূলক আবাসন ইউনিট তৈরির জন্য 45.9 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল বরাদ্দের ঘোষণা দিয়েছেন

গৃহহীনতার শিকার নিউ ইয়র্কবাসীদের সাহায্য করতে এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ-এর দশম রাউন্ডের অর্থায়ন

প্রাক্তন সেনা সদস্য, গুরুতর মানসিক রোগ বা মাদকাসক্তিতে আক্রান্ত ব্যক্তি, পারিবারিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তি এবং প্রতিবন্ধী বয়স্ক নাগরিকদের জন্য নির্ধারিত আবাসন ব্যবস্থা

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)আজ এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State Supportive Housing Initiative) বা 'ESSHI'-এর মাধ্যমে 45.9 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দের ঘোষণা করেছেন যা গৃহহীনতার সম্মুখীন নিউ ইয়র্কবাসীদের স্থায়ী আবাসন নিশ্চিত করতে প্রয়োজনীয় সহায়ক পরিষেবাগুলোতে অর্থায়ন করবে। গৃহহীন প্রাপ্তবয়স্ক ব্যক্তি, পারিবারিক ও লিঙ্গভিত্তিক সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তি, প্রাক্তন সেনা সদস্য এবং দীর্ঘদিন ধরে গৃহহীন পরিবার এবং মানসিক রোগ বা মাদকাসক্তি নিয়ে বসবাসরত ব্যক্তিদের সেবায় নিয়োজিত অতিরিক্ত শত শত আবাসন ইউনিটে সহায়তা করার জন্য প্রয়োজনীয় অর্থায়ন রয়েছে।

"গৃহহীনতার শিকার ব্যক্তিদের ক্ষেত্রে সহায়তামূলক পরিষেবা এবং একটি স্থায়ী বাসস্থান জীবন বদলে দেওয়ার মতো হতে পারে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "একটি নিরাপদ পরিবেশে মানুষদের সহায়তার সাথে যুক্ত হতে এবং বিভিন্ন চ্যালেঞ্জ কাটিয়ে উঠতে এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ ক্রমাগত সাহায্য করে যাচ্ছে।"

ESSHI-এর মাধ্যমে গৃহহীন প্রবীণ সৈনিক এবং তাদের পরিবারকে সেবা প্রদানকারী; পারিবারিক এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার ব্যক্তিরা; বয়স্ক প্রাপ্তবয়স্করা যারা প্রতিবন্ধী বা দুর্বল; কারাবাস, গৃহহীনতা বা পালিত যত্নের ইতিহাস সহ তরুণ প্রাপ্তবয়স্করা; দীর্ঘস্থায়ীভাবে গৃহহীন ব্যক্তি এবং পরিবার; বৌদ্ধিক বা বিকাশগত প্রতিবন্ধী ব্যক্তিরা; কারাগার থেকে কমিউনিটিতে পুনরায় প্রবেশকারী ব্যক্তিরা; এবং HIV বা AIDS, গুরুতর মানসিক অসুস্থতা বা মাদকাসক্ত ব্যাধিতে আক্রান্ত ব্যক্তিদের সহায়ক পরিষেবা প্রদানকারীদের জন্য পরিচালনা ব্যয় প্রদান করা হয়। স্টেট অফিস অব মেন্টাল হেলথ (State Office of Mental Health) এই তহবিলের প্রধান সংগ্রহকারী সংস্থা হিসেবে কাজ করে, যা আটটি স্টেট এজেন্সির একটি আন্তঃসংগঠনিক ওয়ার্কগ্রুপের মাধ্যমে বিতরণ করা হয়, যারা ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের সেবা প্রদান করে।

2027 অর্থবছরের প্রণীত বাজেটে এই উদ্যোগের জন্য গভর্নর Hochul (হোকল)-এর 2026 অর্থবছরের 53 শতাংশ তহবিল বৃদ্ধির ধারাটি অব্যাহত রাখা হয়েছে, এর ফলে প্রকল্পগুলো নিউ ইয়র্ক সিটি মেট্রোপলিটন এলাকায় প্রতি ইউনিট বা যোগ্য ব্যক্তি পিছু বার্ষিক সর্বোচ্চ 34,000 মার্কিন ডলার পর্যন্ত আবেদনের সুযোগ পাবে; যার মধ্যে সিটির পাঁচটি বরো এবং সাফোক (Suffolk), নাসাউ (Nassau), ওয়েস্টচেস্টার (Westchester), রকল্যান্ড (Rockland) এবং পুটনাম (Putnam) কাউন্টি অন্তর্ভুক্ত রয়েছে। স্টেটের অন্যান্য অঞ্চলের প্রকল্পগুলো প্রতি ইউনিট বা নির্বাচিত ব্যক্তি প্রতি বার্ষিক সর্বোচ্চ 31,000 মার্কিন ডলার পর্যন্ত পাওয়ার যোগ্য।

তহবিলের এই বৃদ্ধির ফলে স্টেট ব্যাপী প্রকল্পগুলোর জন্য **200টি শর্তসাপেক্ষ অনুদান** দেওয়া সম্ভব হয়েছে — যা এই উদ্যোগের মাধ্যমে এ যাবৎকালের সর্বোচ্চ — যার মধ্যে নিউ ইয়র্ক সিটি (New York City)-এর 54টি প্রকল্প, লং আইল্যান্ড (Long Island)-এর 21টি প্রকল্প এবং মেট্রোপলিটন এলাকার উত্তর অংশে 126টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। 2016 সালে শুরু হওয়া এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ-এর অংশ হিসেবে নিউ ইয়র্ক স্টেট আজ পর্যন্ত **11,657টি নিরাপদ ও স্থায়ী ইউনিট** তৈরি করার অঙ্গীকার ব্যক্ত করেছে।

যোগ্য উপকারভোগীদের স্থায়ীভাবে আবাসস্থলে রাখতে ভাড়াভিত্তিক সহায়তা এবং প্রয়োজনীয় সেবা প্রদানের জন্য এই তহবিল ব্যবহার করা যাবে। অনুমোদিত ব্যয়ের মধ্যে রয়েছে ভাড়ায় ভর্তুকি ও অন্যান্য আবাসন–সম্পর্কিত খরচ; যেসব ব্যক্তি আবাসনের প্রয়োজন তাদের চিহ্নিত ও সন্ধান করার জন্য কর্মী বা সেবা; প্রাথমিক ও আচরণগত স্বাস্থ্যসেবা; কর্মসংস্থান ও পেশাগত প্রশিক্ষণ; শিক্ষাগত সহায়তা, অভিভাবকত্বের দক্ষতা উন্নয়ন ও সহায়তা; শিশু–যত্ন সহায়তা, কাউন্সেলিং ও সংকট ব্যবস্থাপনা; শিশুদের জন্য শিক্ষা–সংক্রান্ত সহায়তা, কাউন্সেলিংসহ অন্যান্য সেবা এবং ব্যক্তি ও পরিবারকে স্থায়ীভাবে আবাসস্থলে রাখতে সহায়ক যেকোনো সেবার ব্যয়।

গবেষণায় দেখা গেছে যে স্থায়ী সহায়ক আবাসন গবেষণায় দেখা গেছে যে স্থায়ী সহায়ক আবাসন আশ্রয়কেন্দ্র, হাসপাতালের শয্যা, জরুরি বিভাগ, কারাগার ও জেলখানার চাহিদা কমায় এবং কর্মসংস্থান, স্কুলে উপস্থিতি, মানসিক ও শারীরিক সুস্থতার উপর ইতিবাচক প্রভাব ফেলে। এছাড়াও, সহায়ক আবাসন প্রকল্পগুলো নতুন নির্মাণ অথবা বিদ্যমান ভবন পুনর্বাসনের মাধ্যমে এলাকায় ইতিবাচক প্রভাব ফেলতে পারে।

নিউ ইয়র্ক স্টেটের মানসিক স্বাস্থ্য অফিসের (New York State Office of Mental Health) কমিশনার Dr. Ann Sullivan (ড. অ্যান সালিভ্যান) বলেন, "মানসিক অসুস্থতা এবং অন্যান্য চ্যালেঞ্জ নিয়ে বেঁচে থাকা ব্যক্তিদের সুস্থ হয়ে ওঠার ক্ষেত্রে মর্যাদাপূর্ণ ও স্থিতিশীল আবাসন বজায় রাখা এবং সহায়ক সেবাগুলো লাভ করা একটি গুরুত্বপূর্ণ দিক। এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জন্য এই গুরুত্বপূর্ণ সংযোগগুলো তৈরি করেছে যা সকল বাসিন্দাদের নিজ নিজ কমিউনিটিতে বসবাস করার ও বিকশিত হওয়ার সুযোগ করে দিতে গভর্নর Hochul (হোকল)-এর চলমান অঙ্গীকারেরই প্রতিফলন।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার Dr. James McDonald (ড. জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "প্রত্যেকেরই একটি নিরাপদ আবাসনের অধিকার রয়েছে। পুরো নিউ ইয়র্ক জুড়ে সহায়ক আবাসন সম্প্রসারণে ক্রমাগত প্রতিশ্রুতিবদ্ধ থাকার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই। সুস্বাস্থ্যের জন্য স্থায়ী আবাসন অপরিহার্য এবং এই বিনিয়োগ আমাদের কিছু অত্যন্ত অসহায় নিউ ইয়র্কবাসীকে স্বাস্থ্যকর, আরো নিরাপদ জীবনযাপনের জন্য প্রয়োজনীয় সহায়তা ও পরিষেবা পেতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্ট্যান্স (New York State Office of Temporary and Disability Assistance)-এর কমিশনার Barbara C. Guinn (বারবারা সি. গুইন) বলেন, "গৃহহীনতার শিকার ব্যক্তিরা প্রায়শই এমন কিছু চ্যালেঞ্জের মুখোমুখি হন যা তাদের একটি স্থায়ী আবাসন নিশ্চিত ও তা বজায় রাখার ক্ষমতাকে মারাত্মকভাবে বাধাগ্রস্ত করে। সহায়ক আবাসন ব্যবস্থা মানুষের গৃহহীনতা কমিয়ে একদিকে যেমন মানুষের সাধ্যের মধ্যে থাকার জায়গার ব্যবস্থা করে, অন্যদিকে বিভিন্ন প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও পরিষেবা দিয়ে তাদের সেই বাড়ি ধরে রাখতে সাহায্য করে। গভর্নর Hochul (হোকল) গৃহহীনতা প্রতিরোধে এবং আমাদের কিছু অত্যন্ত অসহায় প্রতিবেশী ইয়র্কবাসীর মনে নতুন আশা ও সুযোগ তৈরি করার ক্ষেত্রে এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ-এর গুরুত্বকে আমাদের প্রচেষ্টার একটি অপরিহার্য অংশ হিসেবে স্বীকৃতি দিয়েছেন।"

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (New York State Division of Homes and Community Renewal)-এর কমিশনার RuthAnne Visnauskas (রূথ অ্যান ভিসনাউকাস) বলেন, "নিউ ইয়র্কে, আমরা অভাবী মানুষকে সাহায্য করতে এবং সাশ্রয়ী মূল্যের আবাসন সরবরাহ বাড়াতে গর্ববোধ করি। যারা গৃহহীনতার শিকার এবং যাদের সহায়তামূলক পরিষেবা প্রয়োজন, তাদের জন্য একটি স্থায়ী আবাসন খুঁজে পাওয়া বিশেষভাবে চ্যালেঞ্জিং হতে পারে। আমরা অত্যন্ত কৃতজ্ঞ যে, গভর্নর Hochul (হোকল) এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ-এ বিনিয়োগের মাধ্যমে এই প্রতিবন্ধকতাগুলো দূর করতে কাজ করছেন। এই 46 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে, নিউ ইয়র্কের ঐতিহাসিক আবাসন বিনিয়োগ পরিস্থিতি ব্যতিরেকে সকলের জন্য অন্তর্ভুক্তিমূলক হবে।"

নিউ ইয়র্ক স্টেট অফিস অব অ্যাডিকশন সার্ভিসেস অ্যান্ড সাপোর্টস (New York State Office of Addiction Services and Supports)-এর কমিশনার Chinazo Cunningham (চিনাজো কানিংহ্যাম) বলেন, "এই ধরনের বিনিয়োগ মূলত সেইসব ব্যক্তিদের পাশে দাঁড়ায় যাদের মাদকাসক্তিজনিত সমস্যার মতো কারণে অতিরিক্ত আবাসন সহায়তার প্রয়োজন হয় এবং এটি তাদের স্বাভাবিক জীবনে ফিরে আসার একটি গুরুত্বপূর্ণ অংশ হতে পারে। গভর্নর Hochul (হোকল) পুরো স্টেট জুড়ে আবাসন ব্যবস্থার সম্প্রসারণ করা এবং সমস্ত নিউ ইয়র্কবাসীর জন্য একটি নিরাপদ মাথা গোঁজার ঠাঁই নিশ্চিত করাকে অগ্রাধিকার দিয়েছেন। ধারাবাহিক এই সহায়তার জন্য আমরা কৃতজ্ঞ এবং পুরো স্টেটের বিভিন্ন কমিউনিটির মধ্যে এই ধরনের সহায়ক আবাসন ব্যবস্থার আরো সম্প্রসারণ দেখার অপেক্ষায় আছি।"

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজ্যাবিলিটিজ (New York State Office for People With Developmental Disabilities)-এর কমিশনার Willow

Baer (উইলো বেয়ার) বলেন, "প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের সাশ্রয়ী এবং নিরাপদ সহায়ক আবাসন পাওয়ার অধিকার রয়েছে যা তাদের সামাজিক ও শারীরিক সুস্থতায় এক প্রকৃত পরিবর্তন বয়ে আনতে পারে। এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ-এ গভর্নর Hochul (হোকল)-এর এই বিনিয়োগ কেবল আর্থিক সহায়তার চেয়েও বেশি কিছু; এটি মানুষকে তাদের কমিউনিটিগুলোতে মর্যাদা ও মিলেমিশে বেঁচে থাকার সুযোগ করে দিচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেটের গৃহ নির্যাতন প্রতিরোধ অফিসের (New York State Office for the Prevention of Domestic Violence) নির্বাহী পরিচালক Kelli Nicholas Owens (কেলি নিকোলাস ওয়েন্স) বলেন, "পারিবারিক এবং লিঙ্গভিত্তিক সহিংসতার শিকার ব্যক্তিদের জন্য নিরাপদ ও স্থিতিশীল আবাসন অপরিহার্য। খুব প্রায়শই, এইসব ভুক্তভোগীদের হয় একটি নির্যাতনমূলক পরিস্থিতির মধ্যে থেকে যেতে হয়, না হলে গৃহহীন হওয়ার ঝুঁকি নিতে হয়। এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ ভুক্তভোগীদের আবাসন এবং গুরুত্বপূর্ণ পরিষেবাগুলোর সাথে যুক্ত করতে সাহায্য করে, যার মধ্যে কাউন্সেলিং, কেস ম্যানেজমেন্ট এবং অন্যান্য সহায়তা অন্তর্ভুক্ত রয়েছে যা দীর্ঘমেয়াদী নিরাপত্তা, স্থিতিশীলতা ও নিরাময় ব্যবস্থাকে ত্বরান্বিত করে। নিউ ইয়র্কবাসীদের জন্য এই সমস্ত অত্যাবশ্যকীয় রিসোর্স সম্প্রসারণে নিরলস প্রতিশ্রুতি বজায় রাখার জন্য আমরা Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেট শিশু ও পরিবার পরিষেবা অফিসের (Office of Children and Family Services) কমিশনার Dr. DaMia Harris-Madden (ড. দামিয়া হ্যারিস-ম্যাডেন) বলেন, "সহায়ক আবাসন সেইসব মানুষের মর্যাদা ও আশা ফিরিয়ে দেয় যারা কঠিন সময়ের মুখোমুখি হয়েছেন এবং একটি নিরাপদ বাসস্থান নিশ্চিত করতে সংগ্রাম করছেন। এই ধরনের পরিবর্তনমুখী প্রকল্পগুলো বহু নিউ ইয়র্কবাসীর জীবনে কতটা ইতিবাচক প্রভাব ফেলে তা আমি নিজে প্রত্যক্ষ করেছি, বিশেষ করে গৃহহীন যুবকদের ক্ষেত্রে যারা ফোস্টার কেয়ার থেকে বেরিয়ে এসেছেন কিংবা মানসিক স্বাস্থ্যজনিত সমস্যায় ভুগছেন। এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ-এ গভর্নর Hochul (হোকল)-এর বিনিয়োগ প্রমাণ করে যে, তিনি তার সাশ্রয়ী আবাসন কর্মসূচির আওতায় সকল নিউ ইয়র্কবাসীকে অন্তর্ভুক্ত করতে প্রতিশ্রুতিবদ্ধ। আমি গর্বিত যে তিনি সবচেয়ে অসহায় ও ঝুঁকিতে থাকা নিউ ইয়র্কবাসীদের শারীরিক, মানসিক, মনস্তাত্ত্বিক ও অর্থনৈতিক কল্যাণের জন্য রিসোর্স বিনিয়োগ করে চলেছেন।"

স্টেট সিনেটর Samra G. Brouk (সামরা জি. ব্রুক) বলেন, "প্রত্যেক নিউ ইয়র্কবাসী নিরাপদ, স্থায়ী এবং মর্যাদাপূর্ণ আবাসন লাভের যোগ্য। সহায়ক আবাসন একটি শক্তিশালী মানসিক স্বাস্থ্য ব্যবস্থার মূল ভিত্তি যা মানুষকে তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলোর সাথে যুক্ত করে এবং একই সাথে এমন একটি স্থিতিশীলতা প্রদান করে যা তাদের সুস্থ হয়ে ওঠাকে সম্ভব করে তোলে। এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ-এর মাধ্যমে এই বিনিয়োগ গৃহহীনতার শিকার, মানসিক অসুস্থতা বা মাদক সেবনকারী নিউ ইয়র্কবাসী, সহিংসতার হাত থেকে বেঁচে ফেরা মানুষ, প্রবীণ সৈনিক এবং অন্যান্য অসহায় জনগোষ্ঠীর জন্য আবাসন ও সহায়তামূলক পরিষেবা পাওয়ার সুযোগ সম্প্রসারিত করবে। সহায়ক আবাসনকে ক্রমাগত অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-এর প্রতি কৃতজ্ঞ এবং প্রত্যেক নিউ ইয়র্কবাসীর যাতে স্থিতিশীলতা, মর্যাদা ও আশা নিয়ে বেঁচে থাকার সুযোগ থাকে, তা নিশ্চিত করতে একসাথে কাজ করার জন্য আমি উন্মুখ হয়ে আছি।"

সাপোর্টিভ হাউজিং নেটওয়ার্ক অব নিউ ইয়র্ক (Supportive Housing Network of New York)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Pascale Leone (প্যাস্কেল লিওন) বলেন, "সহায়ক আবাসন হলো গৃহহীনতা দূর করার জন্য আমাদের কাছে থাকা সবচেয়ে কার্যকর হাতিয়ারগুলোর একটি, কারণ এটি স্থিতিশীল, সাশ্রয়ী আবাসনের সাথে মানুষের উন্নতির জন্য প্রয়োজনীয় পরিষেবাগুলোর সমন্বয় ঘটায়। এই কর্মসূচিতে গভর্নর Hochul (হোকল)-এর ঐতিহাসিক বিনিয়োগের ফলে সম্ভব হওয়া ESSHI অর্থায়নের এই নতুন রাউন্ডটি শত শত অতিরিক্ত সহায়ক আবাসন ইউনিট গড়ে তুলতে সাহায্য করবে এবং এই বাড়িগুলোকে সফল করে তোলার জন্য পরিষেবা প্রদানকারীদের কাছে যাতে প্রয়োজনীয় সব উপাদান থাকে, তা নিশ্চিত করবে। সহায়ক আবাসনে বিনিয়োগ যে পুরো নিউ ইয়র্ক জুড়ে গৃহহীনতার স্থায়ী সমাধান তৈরি করে, তা অনুধাবন করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল) এবং আইনসভার আমাদের অংশীদারদের ধন্যবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন